বাংলা উচ্চারণ-কোষ

(ডকটর শ্রীসুকুমার সেন-লিখিত 'পরিচায়িকা'-সংবলিত)

অধ্যাপক ধীরানন্দ ঠাকুর

-সংকলিত

বুকল্যাণ্ড লিমিটেড

পুস্তক প্রকাশক ও বিক্রেতা

১ শঙ্কর ঘোষ লেন, কলিকাতা-৬

শাখা

কলিকাতা

২১১।১, কর্ণওয়ালিশ ষ্ট্রীট

কলিকাতা-৬

এলাহাবাদ

৪৪, জনষ্টনগঞ্জ

এলাহাবাদ-৩

পাটনা

পাটনা মার্কেট, রুম নং ১১২

মুরাদপুর, পাটনা-৪

প্রথম প্রকাশ : ১৩৬১

মূল্য : তিন টাকা

প্রকাশক : বুকল্যাণ্ড লিমিটেড, ১ শঙ্কর ঘোষ লেন, কলিকাতা-৬ পক্ষে শ্রীজানকীনাথ বসু এ.

মুদ্রক : বসুশ্রী প্রেস, ৮০।৬ গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ পক্ষে শ্রীগৌরীশংকর রায় চৌ

গ্রন্থক : বসু, ভট্টাচার্য্য এণ্ড কোং লিঃ, ৮০।৭ গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ পক্ষে শ্রীসুহৃদকুমার

উৎসর্গ

জননী ক্ষণপ্রভা দেবীর
স্মৃতির উদ্‌দেশে—

গ্রন্থকারের অন্যান্য গ্রন্থ

১। মঞ্জরী (গদ্যকবিতা)

২। জগদানন্দ-পদাবলী

৩ সাহিত্যিকী (সাহিত্য-বিষয়ক নিবন্ধরাজি)

৪। ছন্দসী (কবিতা)—(যন্ত্রস্থ)

৫। রবীন্দ্রনাথের গদ্যকবিতা (আলোচনা—প্রকাশিতব্য)

পরিচায়িকা

উচ্চারণ হিসাবে বাংলা ভাষা বোধ করি আধুনিক ভারতীয় আর্য্য ভাষার মধ্যে সবচেয়ে জটিল। তার প্রধান কারণ—কোন কোন স্বরধ্বনির উচ্চারণে অবস্থান বিশেষে পার্থক্য। বিশেষ ক'রে অ—ও, এ—এ্যা—এই উচ্চারণ অত্যন্ত গোলমেলে। তার উপর র—ড়—এই ধ্বনি দুটির প্রভেদ অনেকের কাছে সুস্পষ্ট নয়। সর্বশেষে সমস্যা দাঁড়িয়েছে কথ্য ভাষাশ্রিত আধুনিক গদ্যে প্রাদেশিক উপভাষার ক্রমবর্দ্ধমান প্রভাব। এই সব মিলে শিক্ষার্থীদের কাছে বাংলা শব্দের উচ্চারণ প্রায়ই বিভ্রাটের সৃষ্টি করেছে। এই কারণে বাংলা উচ্চারণ-কোষের প্রয়োজন অনেকদিন থেকেই অনুভূত হচ্ছে। অধ্যাপক শ্রীযুক্ত ধীরানন্দ ঠাকুর, এম-এ, এখন একাজের ভার নিয়ে বড় ভালো কাজ করেছেন। আমি বরাবর তাঁর কাজ দেখে আসছি, এবং এঁর এই কাজে আমার পূর্ণ সমর্থন আছে। ইন্‌টার ন্যাশন্যাল ফোনেটিক লিপিমালা ব্যবহার করলে উচ্চারণের নির্দেশ আরও সূক্ষ্মভাবে দেওয়া যেতে পারত, কিন্তু তাতে সাধারণ পাঠক আর শিক্ষার্থী দুইয়েরই প্রবেশ বাধাগ্রস্ত হত এবং ছাপানোও শক্ত হত। ধীরানন্দ বাবু যেভাবে উচ্চারণ নির্দেশ করেছেন তাতে কোন দিকেই অসুবিধার সৃষ্টি হয় নি—না শিক্ষার্থীর তরফে না ছাপাখানার তরফে।

ধীরানন্দ বাবুর এই বই স্বদেশী-বিদেশীর কাছে বাংলা ভাষা শিক্ষা সুগম করে দেবে এ বিশ্বাস রাখি। সেই সঙ্গে এই ভরসাও করি যে শিক্ষিত বাঙালীর কাছে বইটি উপযুক্ত সমাদর পাবে।

শ্রীসুকুমার সেন এম.এ., পি. এইচ-ডি,
অধ্যাপক, কলিকাতা বিশ্ববিদ্যালয়।

কলিকাতা বিশ্ববিদ্যালয়।

২১. ৫. ৫৩

প্রস্তাবনা

ভাষা এক অদ্ভুত বস্তু। কিন্তু এর আদ্ভুত্য সাধারণতঃ আমরা তেমন অনুভব করি না, যেমন করি না জলবায়ুর প্রয়োজনীয়তা। ভাষা নইলে প্রাণীর চলে না; জীবমাত্রেরই কোন-না-কোন রকমের ভাষা না থেকে পারে না। ভাব, অনুভূতি ও চিন্তা-ভাবনা ভাষা চায়, কেননা, প্রকাশের ইচ্ছা তার স্বভাব; ভাষা হল ভাব-প্রকাশের উপায়। ভাষাহীন ভাব হয় কি না, তা তর্কের বিষয় হলেও এ-কথা বলতে বাধে না যে অভাষিত ভাবের সত্তা অপরের অনুভব-গম্য ও আলোচ্য হওয়া সম্ভব হয় না। অপরের কাছে মনের ভাব প্রকাশের জন্যে তো বটেই, কখনো কখনো অপর-নিরপেক্ষ হয়েও ভাষার দরকার হয়; 'সলিলকি' বা স্বগতোক্তির কথা মনে করলেই এর যৌক্তিকতা উপলব্ধি করা যাবে। নিবিড় ও গভীর অনুভূতি সহসা আত্মপ্রকাশ করে ধ্বনির সাহায্যে অনেক সময় কারো পানে না তাকিয়েই।

ভাষা-বিষয়টাকে এমনি দেখতে যত সহজ মনে হয় তত সে নয়। বেশ বিচিত্র এবং জটিল এই ভাষা-ব্যাপারটি; কিন্তু, তবু, এর পরিচয়, এর ইতিহাস ধীমানদের জিজ্ঞাসা আর কৌতূহলের বিষয় হয়েছে। প্রাচীন কাল থেকে এ-সম্বন্ধে কত-যে আলোচনা হয়ে চলেছে নানা দৃষ্টিকোণ থেকে! ভাষার উৎপত্তি, অভিব্যক্তি ও বিবর্ত্তন বিষয়ে কত যে মত! ভাষা দেবতার সৃষ্টি না মানুষের, ভাষা নিত্য কি অনিত্য, কতকগুলি মৌলিক ধ্বনি কি ধাতু এর উৎপাদক এই সব তর্ক-বিতর্কের মধ্যে ঢোকবার দরকার নেই এখানে। আবির্ভাবের পর ভাষার যে রীতি-প্রকৃতি লক্ষ্য করা যায় সে-বিষয়ে দু-একটা সাধারণ কথা বলা আবশ্যক।

প্রাগ্ঐতিহাসিক যুগে পৃথিবীতে ক জাতের মানুষ থেকে ক'টা স্বতন্ত্র ভাষা গড়ে উঠেছিল তা ঠিক মত জানবার নিশ্চিত উপায় নেই। বর্তমান পৃথিবীতে

বহু ভাষা ও উপভাষা দেখা যায়; কিন্তু, এটুকু বোধ করি যুক্তিসহকারেই অনুমান করা যায় যে এই এত ভাষা প্রাচীন যুগে ছিল না। কয়েকটা মূল ভাষা হতে অনেক উপভাষার উদ্ভব হয়ে সেই-সব উপভাষা থেকেও আবার কত ভাষার উৎপত্তি হয়েছে।

একাধিক কারণে ভাষা রূপান্তরিত হয়ে চলে যুগে যুগে। ভাষার রূপান্তরণে ধ্বনি ও উচ্চারণের পরিবর্তন, পদের অর্থ পরিবর্তন, পদের যোজন ও বর্জন, বাচনভঙ্গীর নোতুনত্ব, নবনব ছন্দের সৃজন প্রভৃতি রীতি কাজ করে থাকে।

ধ্বনি ভাষার একটা খুব দরকারী উপাদান। ভাষাবিজ্ঞানের একটি বিশেষ উল্লেখ্য অধ্যায় হল ধ্বনি। ধ্বনি-পরিবর্তনের কারণও নানা: অপর ভাষার সংস্পর্শের ফলে নোতুন ধ্বনির আমদানী, অপর ভাষাভাষীদের উচ্চারণের অনভ্যস্ততা, উচ্চারণ-সৌকর্য, ছন্দের দাবি প্রভৃতি। উচ্চারণরীতি ধ্বনি-পরিবর্তনের যে একটা বিশিষ্ট কারণ তাতে সন্দেহ নেই। এর কল্যাণে পদের হয় রূপান্তরণ, নোতুন শব্দ হয় গঠিত, হয় ছন্দের নবরূপ পাবারও উপায়। এক কথায় বলা যায় এই উচ্চারণের বৈশিষ্ট্য প্রধানত দেয় একটা ভাষাকে তার স্বাতন্ত্র-গৌরব।

উচ্চারণও পরিবর্তন-সাপেক্ষ। একই ভাষার মধ্যে উচ্চারণ-রীতির পরিবর্তন হয় যুগে-যুগে, অঞ্চলে-অঞ্চলে। এই সব আঞ্চলিক উচ্চারণ-রীতির সব রূপই গৃহীত হয় না নিদর্শ কথ্য ভাষায় (Standard Colloquial Language)। রাষ্ট্রিক তথা সাংস্কৃতিক কারণেই প্রধানত এক বা দুই অঞ্চলের কথিত ভাষা শিক্ষিত ও সভ্য সমাজে স্বীকৃত হয়; অপর সব আঞ্চলিক রীতি কালে আঞ্চলিক ও গেঁয়ো বলে অস্বীকৃত, নিন্দিত এমন-কি, উপহসিত হতে থাকে, বিশেষ করে যখন কোন অঞ্চলের কথিত ভাষা সভ্যশিষ্ট বলে প্রতিষ্ঠা পায় একান্ত ও নিঃসংশয় ভাবে। এই নিদর্শ কথ্য ভাষাকে কেন্দ্র করেই এক সময়ে গড়ে ওঠে সাহিত্যিক ভাষা। লেখার হরফে সে-ভাষার রূপ কিছুটা স্থায়িতা ও স্থিতি পায়; এ-দিকে কথিত ভাষা চলতে থাকে

অনেকটা স্বাধীন ভাবে। একটু একটু করে তার পরিবর্তন হতে-হতে বৈশিষ্ট ফুটে ওঠে তার। লিখিত ভাষার সংগে দেখা দেয় কথিত ভাষার পার্থক্য। তাই, অনেক সময় যেমনটি লেখা থাকে তেমনটি সহজেই উচ্চারণ করা সুবিধা ও সম্ভব হয় না, আবার, যেমনটি বলা হয় তেমনটি লিখতে দেখলে তাকে 'অসাধু', 'গ্রাম্য' প্রভৃতি কড়া অপবাদে বিশেষণিত করা হয়। অর্থাৎ, সোজা কথায়, তথাকথিত সাধু ও চলিত ভাষার, মানে প্রাচীন ও নবীনের, সেই চিরন্তন সংঘর্ষ জোরদার হয়ে ওঠে এখানেও।

যুগ ও পরিস্থিতির প্রয়োজনে ভাষাকে বদ্‌লাতে হয়; তার সেই পরিবর্তিত রূপ যখন প্রতিষ্ঠা পাবার যোগ্য হয় তখন তাকে অস্বীকার করতে গেলে ক্ষতি বই লাভ হয় না। অস্বীকার করা যায়ও না। ধীরে-ধীরে অজ্ঞাতসারে ভাষার পরিবর্তিত রূপ কখন যে ঠাঁই করে নেবে ভাষার মধ্যে তা সহজে টের পাওয়াই যায় না। তাই বলে অবশ্য এ-কথা নয় যে নির্বিচারে সব পরিবর্তিত রূপকেই স্বীকৃতি দিতে হবে; শুধু যা প্রয়োজনীয়, সংগত ও সুন্দর, সুতরাং সম্পদ-বর্ধক, তাকে অভ্যর্থনা জানাবার জন্যে মনকে রাখতে হবে উদার ও মুক্ত। সৃষ্টির অনেক বিষয়ের মত ভাষারও মধ্যে দুটো নীতি আছে: স্থিতি ও গতি। ভাষার পরিচয় দিতে বা পেতে হলে এই দুই নীতির সংগে পরিচয় হওয়া দরকার; এ-দুটির একটিও বাদ দিয়ে জানা যায় না ভাষার পূর্ণ স্বরূপকে। ধারণা হয়, স্থিতি ও গতির নিয়ম যুগপৎ কাজ করে চলে তার ভেতর। আর, সব বিষয়ের চাইতে, তার দরকার আছে ভাষায়; প্রয়োজনের তাগিদেই ভাষার খানিকটাকে থাকতে হয় থিতিয়ে, কতকটাকে হয় চলতে। তার স্থিতি না থাকলে তা হয় লক্ষ্যচ্যুত, হয় নিরর্থক বা অনর্থকর; অর্থাৎ, ভাষা হয়ে ওঠে দুর্বোধ্য তার দ্রুত পরিবর্তনের ফলে। কিন্তু, এই অজুহাতে ভাষার পোষক পরিবর্তনকে হুঁ-করতেই আট্‌কে রাখবার চেষ্টা করা ঠিক নয়। ভাষার পরিবর্তন-ব্যাপারে আর একটা বিষয় ভাববার আছে: তা চেষ্টিত হবে, না, অচেষ্টিত? অর্থাৎ, ভাষা আপনা-আপনি দরকার-মত বদ্‌লে

চলবে, আর, তাই তাকে হতে দেয়া হবে, না-কি, সচেতন প্রয়াসে দরকারমত তাকে বদ্‌লে নিতে হবে? প্রয়োজনই তার মীমাংসক; ভাষার চাহিদা নির্ধারণ করবে সে-নীতির। বস্তুত, ভাষায় এ দুইয়েরই ক্রিয়া দেখা যায়: কখনো এটা, কখনো ওটা; কোনটা বেশি, কোনটা কম, এইমাত্র।

ভাষার উচ্চারণ-ব্যাপারেও এই সব কথা ধর্তব্য।

ভাষাশিক্ষা-ব্যাপারে উচ্চারণ-রীতি খুব জরুরী জিনিশ; কিন্তু, এর প্রয়োজনীয়তা-অনুসারে এর শিক্ষাব্যবস্থার সুবিধা তেমন দেখা যায় না। মানে, এ-বিষয়টি যে অনেকখানি অবহেলিত হয় তা অস্বীকার করবার নয়। উচ্চারণের অসংগতির দরুন কথিত বিষয়ের অনেকটাই থেকে যেতে পারে অবোধ্য, তার উপহসিতব্যতার কথা তো আছেই, সতর্ক হয়েও তাকে দমিয়ে রাখা সোজা নয়; আর ভাষার কথ্য অংশটা অপেক্ষাকৃত বেশি দরকারী বলতে বাধলে, কম দরকারী বলাও যায় না।

ভাষার উচ্চারণ-বিষয়টি জটিল কিছু কম নয়। আঞ্চলিক পার্থক্যের কথা তো আছেই। তাছাড়াও, সভ্যশিষ্ট সমাজে গৃহীত উচ্চারণেও কোন-কোন -ক্ষত্রে একাধিক রূপ স্বীকৃত হয়ে থাকে। ভাষাবিজ্ঞানের অপরাপর বিষয় যতটা নিয়ম মেনে চলে উচ্চারণ ততটা চলে বলে মনে হয় না। তাই, এ-বিষয়ে নিয়মনীতি আবিষ্কার বা গঠন করা শক্ত; আর, করা গেলেও তা পালিত হওয়ার চেয়ে লঙ্ঘিত হওয়ারই ভাব বেশি দেখা যায়। এই কারণেই উচ্চারণ-শিক্ষা, বিশেষ করে অপরভাষীর কাছে, কষ্টকর হয়ে পড়ে। গ্রন্থে লিখিত ভাষা হতে তার উচ্চারণ শেখা সম্ভব হতে পারে না, তার কারণ অধিক ক্ষেত্রেই উচ্চারণ-অনুসারে পদের বানান লেখা হয় না, বানান অনুযায়ী উচ্চারণও। এমনটা হতে পারলে হয়তো অনেক জটিলতা কমত; কিন্তু তার জন্যে তেমন চেষ্টা হতে দেখা যায় না। তাই শুনে-শুনে উচ্চারণ আয়ত্ত করা ছাড়া উপায়ান্তর থাকে না। কিন্তু, এ-উপায় প্রথমত অনিশ্চিত, দ্বিতীয়ত সময়-সাপেক্ষ; তা ছাড়া, সব জায়গায় সব সময় সুলভ নয় তা, মানে, খুশিমত, দরকারমত তাকে কাজে

লাগানো যায় না। এই সব অসুবিধা দূর করবার জন্যে দরকার হয় উচ্চারণ-কোষগ্রন্থের ; কোন-কোন উন্নত ভাষায় তা হয়েছেও। তবে, এ-কথা মনে রাখতে হবে যে এইরূপ কোষ-গ্রন্থ হতে উচ্চারণের অনেকটা আইডিয়া করা গেলেও শ্রুতির মূল্য কম তো নয়ই, বরং তা না হলে উচ্চারণ-শিক্ষা যথার্থ বা পূর্ণ হতে পারে না। এখানে ধ্বনিযন্ত্র অনেকখানি সাহায্যে আসতে পারে।

প্রাচীনকালীয় জাতিত্ব-বোধক অপর-সব ভাবের কদর কমে আসছে। ভাষাই এখন জাতির সব চেয়ে পষ্ট, বড় ও সহজ পরিচয় বলে ধৃত হয় ; এই ভাষার মধ্যে দিয়েই তাহার কৃষ্টি প্রধানত প্রকাশ পায়। ভাষাই জাতির বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে-থাকা মানুষকে আত্মীয়তার বাঁধনে বেঁধে রাখে। জাতির একতা-বোধক ও সংহতি-সাধক এমন আর দ্বিতীয় বস্তু নাই। মনের কথা সহজেই পরস্পরের কাছে প্রকাশ করা যায় যার মাধ্যমে সে যে কত বড়ো জিনিশ তা বোঝা যায় যখন শুধু অপর-ভাষা-জানা দুই বিদেশী ব্যক্তি পরস্পরকে বোঝবার ও বোঝাবার কোশিশ করেও বুঝতে ও বোঝাতে পেরে ওঠেন না। ভাষা যদি জাতিকে একতা-সূত্রে বাঁধে ; তার উচ্চারণ-সাম্য সে ঐক্যকে করে পোক্ত। একই ভাষাভাষী জাতির বিভিন্ন অঞ্চলের মধ্যে কখনো-শখনো অনাত্মীয়তা, এমন-কি বিদ্বেষ-বিরোধ, মাথা চাড়া দিয়ে ওঠে অনেকটা এই উচ্চারণ-বৈষম্যের জন্যে। কাজে-কাজেই, জাতির একতাকে আঁটশাট করার জন্যে তার ভাষার উচ্চারণের একটা সুসম সাধারণ মান নির্ধারিত হয়ে সাগ্রহে তা পালিত ও অনুসৃত হওয়া দরকার। জাতির ক্ষমতাশালী সংস্থাগুলির তরফ থেকে এর জন্যে বিশেষ চেষ্টা থাকা উচিত। জাতির সামগ্রিক উন্নতির জন্যে যদি জাতীয় একাত্মতাবোধ একান্ত দরকারী জিনিশ বলে গণ্য হয় তো সে একতাবোধের বড়ো সংসাধক ভাষার নিদর্শ উচ্চারণ-পদ্ধতি যে কত-বড়ো ব্যাপার তা অনুভব করতে কঠোর তপস্যায় বসতে হয় না। জাতি-প্রেমী প্রতিটি শিক্ষিত ব্যক্তির দায়িত্ব এই স-মান-সাধারণ নিদর্শ বলে স্বীকৃত উচ্চারণ-ভংগী শিখে সর্বজনের মধ্যে তার প্রচার-প্রসার ও গ্রহণের জন্যে চেষ্টা

করা। যে-অঞ্চলের উচ্চারণ-রীতি যে-কারণেই হোক স্বীকৃত ও সাধারণ্যে গৃহীত হতে পারে নি, ক্ষুদ্র মমতার জড়ধর্মী ভাবালুতা কাটিয়ে তাকে বর্জন করে স্বীকৃত উচ্চারণ-প্রণালী শিক্ষাই বিধেয় এবং শ্রেয়। আঞ্চলিক উচ্চারণ-রীতি ক্রমে-ক্রমে লোপ পেয়ে চলেছে লক্ষ্য করা যায়, কালে একেবারে লোপ পাবে অনুমান করা অসংগত নয়। তাই যদি হয় তো মিছিমিছি মাঝখান থেকে আঞ্চলিক বৈশিষ্ট বজায় রাখতে গিয়ে ভাষা তথা জাতির মধ্যে ফাটল ধরবার পথ রাখা কেন? উচ্চারণের রীতিতে সাম্য প্রতিষ্ঠিত হয়ে জাতির মধ্যে ঐক্যবোধ ঘনসংহত হওয়াই কি কাম্যতর নয়?

ভাষার নিদর্শ উচ্চারণ-পদ্ধতি নির্ধারিত হয়ে কথিত ভাষার উচ্চারণের সাম্য প্রতিষ্ঠিত হলে পরভাষীর পক্ষে সে-ভাষা শেখা সহজ হয়। সুতরাং, নিদর্শীকৃত উচ্চারণ-প্রণালী ভাষার প্রসারে সাহায্য করে বলে ধরে নেয়া যেতে পারে।

সাহিত্য-পাঠ, শিক্ষাদান, ভাষণ, আবৃত্তি, বক্তৃতা, অভিনয় বিষয়ে নিদর্শ উচ্চারণ অবলম্বিত হওয়া দরকার; তা না হলে উক্তি হাস্যকর হয়ে ওঠে, উদ্দিষ্ট ভাব-গ্রহণে বেশ বাধা হয়। অভিনয়, আবৃত্তি ও ভাষণে পটুতা লাভ করতে হলে প্রথমে ভালো করে উচ্চারণ শেখা উচিত। শুধু যে বিদ্যালয়ে শিশু ও কিশোরদের উচ্চারণ শেখবার ব্যবস্থা থাকবে তাই নয়; যে-সব বয়স্ক লোক যথাসময়ে উচ্চারণ শেখবার সুযোগ পাননি তাঁদের জন্যেও ব্যবস্থা থাকা উচিত। বিশেষ করে, যাঁরা শিক্ষকতা করেন তাঁদের পক্ষে তো আদর্শ উচ্চারণ-রীতি আয়ত্ত করা অপরিহার্য।

বাঙ্‌লা ভাষার উচ্চারণে খুব জটিলতা না থাকলেও কোন-কোন জায়গায় সংশয় দেখা দেয়। উচ্চারণ নির্ধারণ করার উপায়ের অভাবেই বোধ হয় উচ্চারণে বৈষম্য থেকে যায়; শেখবার ইচ্ছা এবং চেষ্টাও হয়তো নিবে যায়। এই জন্যে অনেকেই বাংলা ভাষার একটি উচ্চারণ-কোষের অভাব অনুভব করে থাকবেন। এই অভাব দূর করবার চেষ্টায় এই পুস্তক গ্রন্থন করা গেল। এই

উদ্দেশ্য সিদ্ধ হলে এবং বাংলা ভাষার প্রসারের যৎকিঞ্চিৎ সাহায্য হলে নিজেকে ধন্য মনে করব। এর বেশি অভিলাষ নাই।

* * * * *

এই গ্রন্থের শব্দ-চয়নে যে অভিধান থেকে বিশেষ সাহায্য নিয়েছি সেটি হচ্ছে শ্রীযুক্ত রাজশেখর বসু মহাশয়ের সংকলিত বাংলা অভিধান 'চলন্তিকা'। অধ্যাপক ডক্‌টর শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায় মহাশয়ের বাংলাভাষা বিজ্ঞানের বিখ্যাত গ্রন্থ Origin And Development of The Bengali Language (প্রথম ও দ্বিতীয়খণ্ড) থেকেও বিলক্ষণ সাহায্য পেয়েছি। অধ্যাপক ডক্‌টর শ্রীসুকুমার সেন মহাশয়ের 'ভাষার ইতিবৃত্ত'-গ্রন্থ হতেও কিছু-কিছু সংকেত পেয়েছি। এজন্য এঁদের কাছে অসংকোচে নিবেদন করছি আমার সশ্রদ্ধ কৃতজ্ঞতা। আমার অন্যতম শিক্ষাগুরু ডক্‌টর শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায় মহোদয় তাঁর নানাকর্মব্যস্ত সময়ের মধ্যে বাংলা ভাষার ধ্বনি ও উচ্চারণ তত্ত্বের বিবিধ বিষয় তাঁর নিজস্ব সরস ভংগীতে আলোচনা করে এবং এ-বিষয়ে নির্দেশ ও অভিমত দিয়ে আমার কাজ অনেকখানি সুগম করে দিয়েছেন; অকুন্ঠিতচিত্তে তাঁকে আমার শ্রদ্ধাঞ্জলি অর্পণ করছি। আর আমার অধ্যাপক ডক্‌টর শ্রীসুকুমার সেন মহোদয়ের কাছে যখনই গেছি তখনই তিনি সব কাজ ফেলে রেখে আমায় পরম আগ্রহে যথেষ্ট সাহায্য ও অকৃপণ উৎসাহ দিয়েছেন। তাছাড়া, তিনি এই গ্রন্থের পরিচায়িকা লিখেও আমায় ধন্য করেছেন। এই সংগে জানিয়ে রাখি, আমার মেজভাই শ্রীকমলানন্দ ঠাকুর নানাভাবে আমার এই কাজে সহায়তা করেছে।

পরিশেষে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই 'বুকল্যাণ্ড লিমিটেড্'এর কাণ্ডারীদ্বয় শ্রীগণেশচন্দ্র বসু ও শ্রীজানকীনাথ বসুকে। তাঁরা এই জাতীয় গ্রন্থ-প্রকাশনে যে আগ্রহ দেখিয়েছেন তা সুলভ নয়।

ভুল-শোধনের চেষ্টা সত্ত্বেও ভুলত্রুটি থেকে-যাওয়া অসম্ভব নয়; উচ্চারণের সাধারণ-সূত্র ও নির্দেশগুলির সাহায্যে তা শুধ্‌রে-নেবার উপায় হতেও পারে

কতকটা। পরবর্তী সংস্করণের সুযোগ ঘটলে ভ্রম-সংশোধন ও গ্রন্থের উন্নতি-সাধনের বাসনা রইল।

এই গ্রন্থের উন্নতিকল্পে এবিষয়ে-নিষ্ণাত ও সুধী ব্যক্তিগণের কাছ থেকে সাজেশানের যাচনা রইল। ইতি—

বৈশাখ, ১৩৬০
দক্ষিণখণ্ড,
(বর্ধমান)।

ধীরানন্দ ঠাকুর

বাংলা ভাষার উচ্চারণ

বর্তমানে পৃথিবীতে সহস্রাধিক ভাষা আছে; তা ছাড়া আছে অজস্র উপভাষা।[১]

প্রাচীন ভারতে চারটি ভাষাগোষ্ঠী ছিল বলে অনুমান করা হয়ঃ আর্য (ইন্দো-ইউরোপীয়), দ্রাবিড়, অস্ট্রিক ও মংগোলীয় (তিব্বত-চীনী)। এখন ভারতবর্ষে যে-সব ভাষা চলিত আছে তার বেশির ভাগই আর্যভাষা হতে জাত; এর পরই হচ্ছে দ্রাবিড় ভাষার স্থান। অস্ট্রিক গোষ্ঠী সম্ভূত অস্ট্রো-এশীয় শাখার সন্তান সাঁওতালী, কোল (মুণ্ডা), হো, মুণ্ডারি ভাষা এবং তিব্বত-চীনী গোষ্ঠীর তিব্বত-ব্রহ্মী শাখার লেপ্‌চা, ধীমাল্‌, লিম্‌বু, থাম্‌বু প্রভৃতি ভাষাও কিছু-সংখ্যক লোকের ভাষা।[২]

প্রাচীন ভারতীয় আর্যভাষার নিদর্শন পাওয়া যায় বেদে। এই ভাষা রূপান্তরিত হতে-হতে কয়েকটি অঞ্চলে বিশিষ্ট রূপ নেয়। জনসাধারণে এই ভাষার ব্যবহার বাড়তে থাকে। এই লৌকিক ভাষাই প্রাকৃত নামে পরিচিত হয় পরে। মোটামুটি, চারটি প্রাকৃত ভাষার উল্লেখ দেখা যায়ঃ মহারাষ্ট্রী (মারাঠী), শৌরসেনী, মাগধী ও পৈশাচিক।[৩]

মাগধী প্রাকৃত থেকে বাংলা, বিহারী, ওড়িয়া ও আসামী ভাষার উদ্ভব হয়।

বাঙ্‌লা দেশের পশ্চিম অঞ্চলই প্রথমে আর্যীভূত বা আর্য-অধিকৃত হয় বলে অনুমান হয়। বাংলা দেশের মধ্যে রাঢ় বা পশ্চিম বংগেই আর্যভাষা

১। ভাষার ইতিবৃত্ত ঃ ষষ্ঠ অধ্যায়;—ডঃ সুকুমার সেন।

২। The Origin And Development of the Bengali Language : Page 2;—
Dr. S. K. Chatterji

৩। Linguistic Speculations of the Hindus : Chapter X;—
P. Chakravarti.

বাংলা বর্ণের উচ্চারণের জন্য ডঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের 'ভাষাপ্রকাশ বাঙ্গালা ব্যাকরণ'—গ্রন্থ দ্রষ্টব্য।

প্রথম প্রসার লাভ করে ; তারপর ক্রমে-ক্রমে তা দক্ষিণে, উত্তর ও পূর্ব অঞ্চলে ছড়িয়ে যায়। বাংলা সাহিত্যের আদিম রূপ পশ্চিম বংগের ভাষা অবলম্বন করেই গঠিত হয়।[১] মাগধী-প্রাকৃত ভাষা হতে বাংলা ভাষাই প্রথম স্বাতন্ত্র লাভ করে। মাগধী-প্রাকৃত ভাষা হতে উচ্চারণ-রীতির স্বাতন্ত্র অর্জনে বাংলা ভাষাকে যে অস্ট্রিক গোষ্ঠীর হো, মুন্ডারি ও শাওঁতালী এবং দ্রাবিড় গোষ্ঠীর দুটি উপভাষা মাল্‌তো এবং কুঁরুখ্ বা ওরাওঁ অনেকটা সাহায্য করেছে তা অনুমান করা বোধ হয় অসংগত হবে না। কারণ এই ভাষাগুলি বাংলার পশ্চিম প্রান্তে অবস্থিত ছিল ; এখনও এগুলি কথিত হয়ে থাকে। নবনব প্রকৃতি-প্রত্যয়, বিভক্তি ও অনুসর্গ, ক্রিয়াপদগঠন এবং উচ্চারণ-রীতি উদ্‌ভাবিত হয়ে বাংলা ভাষা নিজেকে প্রতিষ্ঠিত করলে অষ্টম থেকে দশম শতাব্দীর মধ্যে। বাংলা ভাষার উৎপত্তি ও স্বাতন্ত্রলাভ হয় পশ্চিম বংগে ; এখানেই উচ্চারণের রূপরীতি প্রথম নির্ধারিত হয়।[২] তার পর থেকে এই রীতিই অনুসরণীয় বলে মানিত হয়ে এসেছে। কিন্তু, বাংলা ভাষা বিভিন্ন-ভাষী অঞ্চলে ছড়িয়ে পড়ে কিছু কিছু আঞ্চলিক বৈশিষ্ট্য অর্জন করে উপভাষার রূপ নিয়েছে। মূলত যে-কারণে কোন উপভাষা অপর অঞ্চলের লোকের কাছে দুর্বোধ্য হয়ে ওঠে তা হচ্ছে তার উচ্চারণ, তা ছাড়া আছে কিছু কিছু বিশেষ-বিশেষ পদ ও

১। Origin And Development of the Bengali Language—
Dr. S. K. Chatterje.

"The language of the 'Caryā-padas' is Old Bengali, modified to some extent by a western Apabhranśa: Bengali with its characteristics was already established in the 11th century."

"...The Bengali group of dialects early come to be united by a common literary language based on west Bengali, which become fully established by the 15th century, and exerted an influence on all the other dialects."
P. 98.

২। "...there was a shifting of stress in West Bengali, which served to give Modern Standard Bengali its definite character, and distingnished it from its neighbour Oriyā and the rest." P. 98.

পদাংশ। কিন্তু, ভাষার উচ্চারণের নির্দিষ্ট বিশিষ্ট রূপ শেখাবার ও শেখবার উপায় থাকলে ভাষার মধ্যেকার ঔপভাষিক অনৈক্য দূরিত হয়ে ভাষায় ও সমাজজীবনে ঐক্য প্রতিষ্ঠিত হতে পারে।

এই উদ্দেশ্যে বাংলা ভাষার নিদর্শ উচ্চারণ-রীতির কতকগুলি লক্ষিত বিষয়ের উল্লেখ করা যাচ্ছে।

বাঙ্‌লা ভাষা প্রধানত আর্য ভাষা। প্রাচীন ভারতীয় আর্য অথবা সংস্কৃত ভাষা হতেই তার লিপি এবং বর্ণমালা গৃহীত হয়েছে। কিন্তু, মূল বর্ণগুলির উচ্চারণ সবই অবিকৃত থাকেনি। মূল বর্ণগুলির সাধারণত কয়েক রকমের উচ্চারণ দেখা যায়, যেমন—

(১) আদি বা মূল রূপ,

(২) আদি রূপ তথা পরিবর্তিত রূপ,

(৩) শুধু পরিবর্তিত রূপ।

কখনো-কখনো পদের আদি, মধ্য ও অন্ত স্থান অনুযায়ী একই বর্ণের উচ্চারণের পার্থক্য দেখা যায়। বিভিন্ন বর্ণের সান্নিধ্যেও উচ্চারণের তরিতফাৎ হয়ে থাকে।

বর্ণানুক্রমে বাংলা ভাষার পদস্থ বর্ণগুলির উচ্চারণরূপের নির্দেশ দেওয়া গেল :—

স্বরবর্ণ—

অ—অ ; অচল ; অজর ; অমর ইত্যাদি ; অ এবং ও ; অনিল ; অতুল ; অমূল্য ; সমস্ত ; ও—প্রত্যক্ষ ; প্রদ্যোৎ ; প্রত্যহ ; পক্ষ ; বক্ষ, রক্ষা, লক্ষ, লক্ষ্য।

পদের মধ্যস্থিত অ-কারের য়-কার, পরে য়ে, য়ো বা ও-কারে পরিবর্তিত হতে দেখা যায় প্রাচীন বাংলা ভাষায় ; যথা,—

সাঅর (< সাগর)—সায়র, সায়ের, সায়োর, সাওর (> হাওর) ; ঘাঅল (< ঘাতল)—ঘায়ল, ঘায়েল ; বঅন (< বদন)—বয়ন ; সকল—শকল্, শকোল্ ; অতল—অত্তল্, অতোল্ ; আপদ—আপদ্, আপোদ্।

পদের অন্তস্থ অ-কারের সাধারণত লোপ হতে দেখা যায় ; যথা,—

অচল—অচল্ ; অটল—অটল্ ; চিল—চিল্ ; তিল—তিল্ ; নীল—নিল্ ; কুল—কুল্ ; তেল—তেল্ ; ভৈরব—ভৈরব্ ; চোর—চোর্ ; ঘোর—ঘোর্ ; ভোর—ভোর্। গৌর—গৌর্ ; গৌরব—গৌরব্ ; সৌরভ—শৌরভ্—ইত্যাদি।

তবে, এর ব্যতিক্রমও দেখা যায় ; যেমন,—

অজ, অব, তৈল, শৈল, পৌর, মৌন, সৌর ; দুঃখ।

তৎসম সমস্ত পদের মধ্যে পূর্বপদের অন্ত্য 'অ'-কার সাধারণতঃ বজায় থাকিতে দেখা যায় ; যেমন,—

মুখচন্দ্র, দেবস্থান, গগনচারী ইত্যাদি।

বিকল্প রীতির উদাহরণ ; যথা, আকাশপথ—আকাশপথ্, আকাশ্পথ্ ; ভুবনজয়ী—(আ), ভুবন্জয়ী ইত্যাদি। ব্যতিক্রমও আছে, যথা, মানবসমাজ—মানব্সমাজ্ ; বৈভবরাশি—বৈভব্রাশি ; ইত্যাদি।

কোন-কোন পদে অন্তস্থ অ-কারের দুরকম উচ্চারণই বিহিত ; যথা,—

অজ—অজ, অজ্ ; মৌন—মৌন, মৌন্ ; তৌল—তৌল, তৌল্ ; গৌণ—গৌন, গৌন্।

কালবাচক প্রত্যয়—'ইল' ও 'ইব'র অন্তর্হিত অ-কারের লোপ হয় না, বরং অনেকটা 'ও'র মত উচ্চারণ হয় ; যথা,—

করিল—কোরিল, কোরিলো ; করল—কোরল, কোর্লো ; খাইল—খাইল, খাইলো ; গেল—গ্যাল, গ্যালো ; ঘুরিল—ঘুরিল, ঘুরিলো ; চাইল—চাইল, চাইলো ; ছুঁইব—ছুঁইব, ছুঁইবো ; পড়িব—পোড়িব, পোড়িবো ; ধরিব—ধোরিব, ধোরিবো ; ইত্যাদি।

[পূর্ববঙ্গীয় উপভাষার কোন-কোন রূপে এবং আসামী ভাষায় ঐসব ক্ষেত্রে অকারের লোপ দেখা যায় ; যথা,—

আছিল—আছিল্ ; যাইব—যাইব্ ; লিখিম—লিখিম্।]

পদের অন্তস্থ যুক্তবর্ণের শেষস্থ অ-কারের লোপ হয় না, বরং অনেকটা ও-কারের মত উচ্চারিত হয়; যথা,—

অঙ্ক—অঙ্ক, অংকো; পুঞ্জ—পুন্‌জ, পুন্‌জো; ঘণ্ট—ঘন্‌ট, ঘন্‌টো; দন্ত—দন্‌ত, দন্‌তো; দ্বন্দ্ব—দন্‌দ, দন্‌দো; অন্ধ—অন্‌ধ, অন্‌ধো; কম্প—কম্‌প, কম্‌পো; লম্ব—লম্‌ব, লম্‌বো; আরম্ভ—আরম্‌ভ, আরম্‌ভো; পুষ্প—পুশ্‌প, পুশ্‌পো; অজস্র—অজস্‌স্র, অজস্‌স্রো; সহস্র—শহস্‌স্র, শহস্‌স্রো, ইত্যাদি।

[কিন্তু, হিন্দীতে এইসব ক্ষেত্রে শেষের অ-কারের প্রায় উচ্চারণ হয় না; যথা,—

অঙ্ক—অঙ্ক্‌; অন্ত—অন্ত্‌; দণ্ড—দণ্ড্‌; পুষ্প—পুস্‌প্‌।]

তৎসম শব্দের সমস্ত পদের অন্তে একক 'অ'-কারের উচ্চারণ প্রায়ই হয় না;

নরকপাল—নরকপাল্‌; নরদেব—নরদেব্‌; নরনারায়ণ—নরনারায়ন্‌; নরমেধ—নরমেধ্‌, নর্‌মেধ্‌; নরলোক—নরলোক্‌, নর্‌লোক্‌; প্রতিদিন—প্রোতিদিন্‌; উপবন—উপবন্‌।

তৎসম সমস্ত পদের মধ্যস্থ একক 'অ'-কার কোন-কোন ক্ষেত্রে উচ্চারিত হভেও পারে, না হতেও পারে, যেমন,—

নরপিশাচ—নরপিশাচ্‌, নর্‌পিশাচ্‌; নরমেধ—নরমেধ্‌, নর্‌মেধ্‌; নরবানর—নরবানর, নর্‌বানর্‌; দেবদুর্লভ—দেবদুর্লভ্‌, দেব্‌দুর্লভ্‌, ইত্যাদি।

কোথাও কোথাও তৎসম সমস্ত পদের মধ্যস্থ একক 'অ'-কারের উচ্চারণ হতে শোনা যায় না; যেমন,—

মানবসমাজ—মানব্‌সমাজ্‌; লোকলজ্জা—লোক্‌লজ্জা; (কিন্তু, রণসজ্জা—রণশজ্‌জা, রণোশজ্‌জা); রোগশয্যা—রোগ্‌শোজ্‌জা, ইত্যাদি।

আ, ই, উ, ঐ, ও, ঔ: আ-কারের, ই-কার, উ-কার, ঐ-কার, ও-কার এবং ঔ-কারের কোন স্বতন্ত্ররূপ লক্ষিত হয় না। শুধু আ-কারের কয়েকটি

স্থলে 'অ্যা', বা 'এ্যা'-কারের মত উচ্চারণ দেখা যায়; তাও, তাকে আঞ্চলিক বা ঔপভাষিক প্রয়োগ বলাই ভালো; যেমন,—

বাঁকা—বাঁকা, ব্যাঁকা; টাকা—টাকা, ট্যাকা; শাঁখা—শাঁখা, শ্যাঁখা; সাঙাত—শাঙাৎ, শ্যাঙাৎ; ঢাঙা—ঢাঙা, ঢ্যাঙা; কাঙাল—কাঙাল্, ক্যাঙাল্।

বাংলা ভাষায় ঈ, ঊ- লিখিত হয় বটে কিন্তু প্রায়ই উচ্চারিত হয় না; শুধু ছন্দের খাতিরে পদ্যে কখনো কখনো এদের সার্থকতা দেখা যায়।

বাংলায় ঋ-কারের উচ্চারণ 'রি'-র মত; যথা,—

ঋ ঃ ঋষি—রিশি; ঋদ্ধি—রিদ্ধি; কৃপণ—ক্রিপন্; ঘৃত—ঘ্রিত; অমৃত—অম্রিত; আদৃত—আদ্রিত; অনৃত—অন্রিত; বিবৃতি—বিব্রিতি; আবৃত্তি—আব্রিৎতি; হৃষীকেশ—হ্রিশিকেশ্, রিশিকেশ্; ইত্যাদি।

ঌ ঃ বাংলায় ঌ-কারের ব্যবহার নেই বললেই হয়।

এ ঃ বাংলা ভাষায় এ-কারের উচ্চারণে বেশ বৈশিষ্ট্য আছে; যথা,—

এ—একক—একক্; একটু—এক্‌টু; এখুনি—এখুনি; কেশ—কেশ্; দেশ—দেশ্; বেশ—বেশ্; শেষ—শেশ্; কেলি, চেড়ী, ফেরী, ফেরু, কেড়ুয়াল, ছেলে, জেলে, খেলো; লেখা, শেখা, টেক্কা, রেখা, কেনা, দেনা, লেপা, সেনা, হেনা, তেলা, মেধা।

এ্যা, অ্যা—একা—এ্যাকা; এক—এ্যাক্; একলা—এ্যাক্‌লা; খেলা—খ্যালা; ভেলা—ভ্যালা; ঢেলা—ঢ্যালা; দেখা—দ্যাখা; টেরা—ট্যারা; ফেলা—ফ্যালা; ফেনা—ফ্যানা; বেচা—ব্যাচা; ভেড়া—ভ্যাড়া; মেড়া—ম্যাড়া; শেওলা—শ্যাওলা; শেওড়া—শ্যাওড়া; কেওড়া—ক্যাওড়া; হেলা—হ্যালা; এমন, এখন, যেমন, তেমন, কেমন।

এ এবং অ্যা—একতা—একতা, অ্যাকতা; একত্র—একৎত্র, অ্যাকৎত্র; একটি—একৃটি, অ্যাকৃটি; চেলা—চেলা, চ্যালা; ঠেলাগাড়ী—ঠেলাগাড়ী, ঠ্যালা-গাড়ী; অবহেলা—অবহেলা, অবহ্যালা; বেলা—বেলা (তীর, পুষ্পবিশেষ), ব্যালা (কাল, রুচি-লুচি ইত্যাদি গড়া); মেলা—মেলা (পাওয়া, মিলিত

হওয়া, প্রদর্শনী), ম্যালা (অনেক, বহু, বিছানো) ; রেলা—রেলা, র‍্যালা, ইত্যাদি।

বাংলা এ-কারের আচরণে বড়ো বেপরোয়া ভাব দেখা যায় ; নিয়মের লাগাম পরিয়ে একে বাগ্-মানানো খুব কঠিন। তবে দু-একটা জায়গায় এর ব্যবহারে সংগতি দেখা যায় ; যেমন,—

পরবর্তী বর্ণ অ-কারান্ত বা হসন্ত হলে এর আপন ধ্বনি বজায় থাকে, যথা,—এজ্‌মালী, এন্‌তার, একর, দেশ, বেশ, শেষ ইত্যাদি ; ব্যতিক্রম—এক, এখন, এমন প্রভৃতি। পরবর্তী বর্ণ ই, ঈ, বা উ, উ-কারান্ত হলেও এর নিজের স্বর রক্ষিত হয়, যথা,—এই, কেলি, চেড়ী, ফেরী, টেড়ি, চেলী, জেলি, তেলী, রেলিং, একুন, একুশ, এউজি, একীকরণ, একীভাব।

পদের মধ্যস্থ বা অন্তস্থ এ-কারের উচ্চারণে কোন পরিবর্তন দেখা যায় না।

ব্যঞ্জনবর্ণঃ—পাঁচটি বর্গের ঞ, ণ, এবং আংশিকভাবে জ, 'ব' ও 'ম' ছাড়া সব বর্ণই স্বধ্বনি বজায় রেখেছে। বর্গীয় নাসিক্য ধ্বনিগুলির মধ্যে 'ঞ'র একক ও স্বাধীন ব্যবহার দেখা যায় না।[১] যুক্তবর্ণে যে 'ঞ'র ব্যবহার দেখা যায় তা বেশীর ভাগই পূর্ববর্ণ রূপে ; দু-একটি শব্দ ছাড়া, যেমন, জ্ঞা, জ্ঞান, যাচ্‌ঞা। যাচ্‌ঞা শব্দটির উচ্চারণে এখনো নির্দিষ্টতা এসেছে বলে মনে হয় না ; এর উচ্চারণ কখনো যাচ্‌না, যাচিঙ্গা, যাচ্‌ঁা রূপে শোনা যায়। অন্য ক্ষেত্রে যেখানে যুক্তবর্ণে ঞ পূর্ববর্ণরূপে স্থান পায় সেখানে এর উচ্চারণ হয় অনেকটা 'ন'র মত ; যেমন—

অঞ্চল—অন্‌চল্ ; বঞ্চনা—বন্‌চনা ; লাঞ্ছনা—লান্‌ছনা ; অঞ্জন—অন্‌জন্ ; গঞ্জনা—গন্‌জ্‌না ; ঝঞ্ঝা—ঝন্‌ঝা ; ঝঞ্ঝট—ঝন্‌ঝট্ ; পঞ্জর—পন্‌জর্ ; পিঞ্জর—পিন্‌জর্ ; অলিঞ্জর—অলিন্‌জর্ ; মঞ্জরী—মন্‌জোরি ; মঞ্জীর—মোন্‌জির্ ; পুঞ্জ—পুন্‌জ ; ভঞ্জন—ভন্‌জন্ ; মঞ্জুল—মোন্‌জুল্ ; রঞ্জন—রন্‌জন্।

১। শুধু প্রাচীন বাংলায় কোন-কোন্ ক্রিয়াপদে 'ইয়া' বা 'য়্যা'র স্থলে 'ঞা' দেখা যায়।

'জ'-র সংগে 'ঞ' যুক্ত হলে উচ্চারণ হয় 'গঁ'-র মত ; যথা, জ্ঞান—গ্যাঁন্ ; 'জ্ঞ'র আগে কোন স্বরান্ত বর্ণ থাকলে এর উচ্চারণ হয় 'গ্‌গঁ'-র মত ; যথা,—

বিজ্ঞান—বিগ্‌গাঁন্, বিগ্‌গ্যাঁন্ ; অজ্ঞ—ওগ্‌গোঁ, অগ্‌গঁ ;

প্রজ্ঞা—প্রোগ্‌গাঁ ; অবজ্ঞা—অবোগ্‌গাঁ, অবগ্‌গাঁ ;

'জ্ঞ'-র আগে হসন্ত বর্ণ অথবা 'ং' থাকলে শুধু 'গঁ'ই হবে ;

যথা,—দুর্জ্ঞেয়—দুর্‌গেঁয় ; নির্জ্ঞান—নির্‌গ্যাঁন্ ; সংজ্ঞা—শোংগাঁ, শোংগ্যাঁ, ইত্যাদি।

বাংলায় একক 'ণ'র আপন উচ্চারণ রক্ষিত হয় নি, 'ন'র উচ্চারণের সংগে তার উচ্চারণে কোন পার্থক্য দেখা যায় না ; যেমন,—করণ—করন্ ; গীরন্—গিরন্ ; চরণ—চরন ; তরণ—তরন্ ; ধরণ—ধরন্ ; মরণ—মরন্ ; কিরণ—কিরন্ ; কীর্ণ—কির্‌ন ; তীর্ণ—তির্‌ন ; জীর্ণ—জির্‌ন ; দীর্ণ—দির্‌ন ; ক্ষণ—খন্ ; তক্ষণ—তোক্‌খন্, তোক্‌খোন্ ; গণন—গনন্ ; ভণন—ভনন্ ; রণন্—রনন্।

স্ববর্গীয় যুক্তবর্ণের আদিস্থ 'ণ'র উচ্চারণ 'ন' ও 'ণ'র মাঝামাঝি যথা, কণ্টক, লুণ্ঠন, দণ্ড ইত্যাদি।

প বর্গের 'ব' ও 'ম' একক ভাবে নিজেদের আদিম ধ্বনি ঠিক রেখেছে ; যুক্ত বর্ণে প্রথম বর্ণ রূপেও তাদের স্বধ্বনির রূপান্তর ঘটে নি কোন, যেমন,—

অব্জ ; অব্দ ; আরব্ধ ; লব্ধ ; লুব্ধ ; কাব্য ; গব্য ; নব্য ; ভব্য ; ব্যবহার ; ব্যস্ত, ব্রত ; ক্রুশ ; আক্র ; অম্ল ; আম্র ; গম্য ; নম্য ; সম্যক ; ব্রহ্ম প্রভৃতি।

যুক্তবর্ণের দ্বিতীয় বর্ণ রূপেও আদিম ধ্বনি বিকৃত হয় নি এমনও আছে, যথা,—

খর্ব ; গর্ব ; চর্বণ ; পর্ব ; সর্ব ; উর্বর ; কর্ম ; ধর্ম ; নর্ম ; শাল্মলী ; উদ্‌বেগ ; উদ্বেল ; যুগ্ম ; বাগ্মী ; বাঙ্ময় ; হিরণ্ময় ; তন্ময় ইত্যাদি।

কিন্তু সাধারণতঃ যুক্তবর্ণে দ্বিতীয় বর্ণ রূপে এদের উচ্চারণে পরিবর্তন ঘটে, যেমন,—

নিক্কণ—নিক্কন্ ; পক্ক—পক্ক ; উজ্জ্বল—উজ্জল্। উচ্ছ্বাস—উচ্ছাশ্ ; শ্বাস—শাশ্ ; বিশ্বাস—বিশ্শাশ্ ; খট্বা—খট্টা ; অন্বেষণ ; পৃথ্বী ; অধ্বর ; ধ্বান্ত ; পল্বল ; অশ্ব ; রুক্মিণী ; কুট্মল ; আত্মা ; ছদ্ম ; পদ্ম ; সদ্ম ; অশ্ম ; বেশ্ম ; স্মরণ ; অপস্মার ; ক্বণন ; দ্বিতীয় ; দ্বয় ; অদ্বয় ; ধ্বনি ; শ্ব ; স্বাদ, ইত্যাদি।

বাংলায় 'য'র আদিম ধ্বনি রক্ষিত হয় নি। একক রূপে এর উচ্চারণ 'জ'র মতই হয়ে থাকে ; যথা,—

যখন—জখন্ ; যত—জত ; যত্ন—জৎন ; যবন—জবন্ ; যম—জম্, জোম্ ; যশ—জশ্ ; অভিযান—ওভিজান্ ; কার্য—কার্‌জ ; ধৈর্য—ধৈর্‌জ ; অপরিহার্য—অপোরিহার্‌জ ; অনিবার্য—ওনিবার্‌জ, ইত্যাদি।

যুক্তবর্ণেও 'য'-এর ধ্বনি বদ্‌লায় ; যথা,—

ঐক্য—ঐক্ক ; সখ্য—শোক্খ, শোক্খো ; বাচ্য—বাচ্চ ; ভাজ্য—ভাজ্জ ; কাপট্য—কাপোট্টো ; পাঠ্য—পাট্ঠ, পাট্ঠো ; জাড্য—জাড্ড, জাড্ডো ; আঢ্য—আড্ঢ ; সত্য—শোৎতো ; মিথ্যা—মিৎথ্যা ; পদ্য—পোদ্দো ; মেধ্য—মেদ্ধ ; অন্য—ওন্নো ; ন্যস্ত—নস্ত, ন্যাস্ত ; ব্যক্তি—বেক্তি ; অভ্যস্ত—ওব্ভোস্তো ; উদ্যম—উদ্দম্ ; উদ্যোগ—উদ্জোগ্, উজ্জোগ্, উদ্দোগ্ ; ব্যবস্থা—ব্যাবস্থা, ববস্থা ; ব্যবহার—ব্যাবহার্, ববহার্, ইত্যাদি।

বাংলায় 'র' ও 'ল' আপন উচ্চারণ রক্ষা করে আসছে। অন্তঃস্থ 'ব' বাংলা ভাষায় প্রায় লুপ্ত হয়েছে বলা চলে। 'য়'-র উচ্চারণ মোটামুটি ঠিকই আছে বলা যায়।

'র' বা 'ল'-কারান্ত ব্যঞ্জনের একটা বিশেষ ক্ষমতা লক্ষণীয়। সেটি হচ্ছে পদের মধ্যে বা অন্তে 'র'-কার বা 'ল'-কারের তার সংগে যুক্ত পূর্বব্যঞ্জনকে 'অভ্যস্ত' বা ডবল করে দেয়া ; যথা,—

বক্র—বক্ক্র, বক্ক্রো ; অগ্র—অগ্গ্র, অগ্গ্রো ; শীঘ্র—শিগ্ঘ্র, শিগ্ঘ্রো ; বজ্র—বজ্জ্র, বজ্জ্রো ; আত্রেয়ী—আৎত্রেয়ি ; অদ্রি—ওদ্দ্রি ; আম্র—আম্ম্র,

আম্‌ম্রো ; বিপ্র—বিপ্‌প্র, বিপ্‌প্রো ; তীব্র—তিব্‌ব্র, তিব্‌ব্রো ; আশ্রয়—আস্‌স্রয়্‌, আস্‌স্রোয়্‌ ; বিশ্রাম—বিস্‌স্রাম্‌ ; অজস্র—অজস্‌স্রো, অজোস্‌স্রো ; অজোস্‌স্রো ; অক্লান্ত—অক্‌ক্লান্‌ত, অক্‌ক্লান্‌তো ; অম্লান—অম্‌ম্লান্‌, অম্ল ; ইত্যাদি।

কিন্তু, 'র' বা 'ল'-কারের সংগে একাধিক ব্যঞ্জন পূর্বে লগ্ন হয়ে থাকলে পূর্বব্যঞ্জনের দ্বিত্ব সাধিত হয় না, যথা,—

নিষ্ক্রমণ ; উষ্ট্র ; লোষ্ট্র ; বক্ত্র ; অস্ত্র ; বস্ত্র ; মন্ত্র ; আর্দ্র ; কর্ত্রী ; সান্দ্র ; মন্ত্র ; ইত্যাদি।

শ, ষ, স—সাধারণত এরা সবাই প্রায় 'শ'র মত উচ্চারিত হয় ; যেমন—

সকল—শকল্‌ ; সাজ—শাজ্‌ ; সত্য—শোৎতো ; সন্ধ্যা—শোন্‌ধা ; সংসার—শংশার্‌ ; হাসি—হাশি, হাঁশি ; বসু—বোশু ; ষাঁড়—শাঁড় ; বিষাদ—বিশাদ্‌ ; বর্ষা—বর্‌শা ; হরষ—হরশ্‌ ; ঈর্ষা—ইর্‌শা, ইত্যাদি।

কিন্তু, 'স'র সংগে ত, থ, ন, র যুক্ত হলে 'স'র উচ্চারণ বদ্‌লাবে না ; যথা,—

অস্ত ; কুস্তি ; হস্ত ; বিস্তর ; নিস্তার ; স্থান ; স্নান ; সহস্র ; অজস্র, ইত্যাদি।

এমন-কি, 'শ'র সংগে 'র' বা 'ল' যুক্ত হলেও তার উচ্চারণ বদ্‌লে 'স'র মত হয় ; যেমন,—

শ্রী—স্রি ; শ্রম—স্রম্‌, স্রোম্‌ ; শ্রুতি—স্রুতি ; শ্রাবণ—স্রাবন্‌ ; শ্লীল—স্লিল্‌ ; শ্লেষ—স্লেশ্‌, প্রভৃতি।

বাংলায় একক রূপে 'হ'র উচ্চারণ ঠিক আছে, কিন্তু, যুক্তবর্ণে তার রূপান্তর বা স্থানান্তর ঘটে ; যথা,—

জিহ্বা—জিউহা, জিব্‌ভা ; আহ্বান—আওহান্‌, আব্‌ভান্‌ ; বহ্বারম্ভ—বওহারম্‌ভ, বব্‌ভারম্‌ভ ; বিহ্বল—বিউহল্‌, বিব্‌ভল্‌ : ব্রহ্ম—ব্রম্‌হ, ব্রোম্‌মোঁহ্‌ ; ব্রাহ্মণ—ব্রাম্‌হন্‌, ব্রাম্‌ভন্‌ ; চিহ্ন—চিন্‌নো, চিন্‌নোহ্‌ ;

বাংলায় 'হ্য'র উচ্চারণ হয় 'জ্ঝ'র মত ; যথা, বাহ্য ; লেহ্য ; সহ্য ; উহ্য ; গুহ্য ; মুহ্যমান।

'হ্ল'র উচ্চারণ প্রাশ 'ল্ল'র মত হয়, যথা, আহ্লাদ—আল্লাদ, আল্লাহ্দ্।

বাংলায় অনুস্বারের উচ্চারণ 'ঙ্'র মত। বিসর্গ পদের শেষে থাকলে প্রায় উচ্চারিত হয় না; যথা,—যশঃ—যশ, যশ্; মনঃ—মন, মন্; পয়ঃ—পয়, পয়্ ইত্যাদি।

পদমধ্যস্থ বিসর্গ পরবর্তী ব্যঞ্জনের দ্বিত্ব সাধন করে; যেমন,—দুঃখ—দুক্খ; মনঃপূত—মনপ্পুত; অধঃপাত—অধপ্পাৎ; অতঃপর—অতপ্পর্ ইত্যাদি।

বাংলায় 'ক্ষ'র উচ্চারণ হয় 'খ' বা 'কৃখ' এর মত; যেমন,—

ক্ষণ—খন্, খোন্; ক্ষমা—খমা; ক্ষেম—খেম্; লক্ষণ—লোক্খন্, লোক্খোন্; লক্ষ্মণ—লক্খঁন্, লক্খোঁন্; কক্ষ—কোক্খো; তক্ষক—তোক্খোক্; পক্ষ—পোক্খো; বক্ষ—বোক্খো; লক্ষ, লক্ষ্য—লোক্খো; রক্ষা—রোক্খা; যক্ষ্মা—জক্খাঁ।

বাংলা ভাষায় পদ মূলত সংগ্রহ করা হয়েছে সংস্কৃত আর প্রাকৃত ভাষা থেকে; তাছাড়া, সামান্য কিছু করা হয়েছে কোল ও দ্রাবিড় ভাষা হতে, কিছু হয়েছে তুর্কী, আরবী, ফার্সী, পোর্তুগীজ, ডাচ, ফরাসী ও ইংরাজী হতে, আর অল্প কিছু চীনা, জাপানী, তিব্বতী, বর্মা ভাষা হতেও। বাংলা ভাষার একটা নিজস্ব উচ্চারণ-রীতি ও অভ্যস্ত প্রকৃতি গড়ে-ওঠার জন্যে কতকটা, আর কতকটা বিদেশী ভাষার যথার্থ উচ্চারণ না জানার জন্যে পরিবর্তন ঘটেছে বিদেশী ভাষার উচ্চারণে।

অপর সব উৎসগুলির চেয়ে সংস্কৃত ভাষা হতে বাংলায় শব্দ-সংগ্রহ চলেই আসছে। সংস্কৃত ভাষার সংগে যোগাযোগ বেশী থাকার জন্যে অনেক-আগে-নেয়া সংস্কৃত শব্দ উচ্চারণে বাঙলা প্রকৃতি অবলম্বন করে থাকলেও নোতুন ভাবে তাদের সংস্কৃতায়িত হতে দেখা যায় উচ্চারণে; ফলে, বাংলায় অনেক তৎসম শব্দের প্রায় একাধিক উচ্চারণ দাঁড়িয়ে গেছে। কয়েকটা উদাহরণ দেয়া যেতে পারে:

অংশু—ওংশু, অংশু ; অক্ষর—ওক্‌খোর্‌, অক্‌খর্‌ ; অখিল—ওখিল্‌, অখিল্‌ ; অগম্য—অগোম্‌মো, অগম্‌ম ; অপর—অপোর্‌, অপর্‌ ; অপরাধ—অপোরাধ্‌, অপরাধ্‌ ; অবধান—অবোধান্‌, অবধান্‌ ; অতঃপর—অতোপ্‌পর্‌, অতঃপ্‌পর্‌ ; অধঃপাত—অধোপ্‌পাৎ, অধঃপ্‌পাৎ ; ভক্ত—ভক্‌তো, ভক্‌ত ; যত্ন—জৎনো, জৎন ; অন্ত—অন্‌তো; অন্‌ত ; দণ্ড—দন্‌ডো, দন্‌ড ; হস্ত—হস্‌তো, হস্‌ত ; বিস্তর—বিস্‌তোর্‌, বিস্‌তর্‌ ; শর্করা—শর্‌কোরা, শর্‌করা ; অর্চনা—অর্‌চোনা, অর্‌চনা ; অঞ্জনা—অন্‌জোনা, অন্‌জনা ; কঙ্কণ—কংকোন্‌, কংকন্‌ ; অঙ্গন—অংগোন্‌, অংগন্‌ ; লঙ্ঘন—লংঘোন্‌, লংঘন্‌ ; বণ্টন—বন্‌টোন্‌, বন্‌টন্‌ ; লুণ্ঠন—লুন্‌ঠোন্‌, লুন্‌ঠন্‌ ; খণ্ডন—খন্‌ডোন্‌, খন্‌ডন্‌ ; চিরন্তন—চিরোন্‌তোন্‌ চিরন্‌তন্‌ ; বন্দনা—বন্‌দোনা, বন্‌দনা ; কম্পন—কম্‌পোন্‌, কম্‌পন্‌ ; অষ্টম—অশ্‌টোম্‌, অশ্‌টম্‌ ; নবম—নবোম্‌, নবম্‌ ; দ্বাদশ—দাদোশ, দাদশ্‌ ; বাক্য—বাক্‌কো, বাক্‌ক ; কাব্য—কাব্‌বো, কাব্‌ব ; লেখ্য—লেক্‌খো, লেক্‌খ ; যাপ্য—জাপ্‌পো, জাপ্‌প ; পাঠ্য—পাট্‌ঠো, পাট্‌ঠ ; জাড্য—জাড্‌ডো, জাড্‌ড ; অবশ্য—ওবোশ্‌শো, অবশ্‌শো, অবশ্‌শ ; আলস্য—আলোশ্‌শো, আলশ্‌শো, আলশ্‌শ ; অনিবার্য্য—ওনিবার্‌জো, অনিবার্‌জ ; অপরিহার্য—অপোরিহার্‌জো, অপরিহার্‌জ ; আতিশয্য—আতিশোজ্‌জো, আতিশজ্‌জো, আতিশজ্‌জ ; বাহ্য—বাজ্‌ঝো, বাজ্‌ঝ ; লেহ্য—লেজ্‌ঝো, লেজ্‌ঝ ; অবনমন—অবোনমোন্‌, অবোনমন, অবনমোন্‌, অবনমন্‌ ; অবদমন—অবোদমোন্‌, অবোদমন্‌, অবদমোন্‌, অবদমন্‌, ইত্যাদি।

বিদেশী শব্দের ব্যাপারেও কিছু কিছু এ রকম হতে দেখা যাচ্ছে ; অবশ্য প্রায় উচ্চারণ অনুযায়ী বানানও লেখা হচ্ছে সেখানে, যেমন,—ইষ্টিশান্‌, স্টেশন্‌ ; মটোর্‌, মোটর্‌ ; ইস্‌ক্রু, স্ক্রু ; ইস্কুল, স্কুল্‌ ; ইস্‌টিল্‌, স্টিল্‌ ইত্যাদি।

বাংলায় 'অ' বা 'অ'কারান্ত ব্যঞ্জনের পর 'য'-কারান্ত ব্যঞ্জন ধ্বনি থাকলে সেই 'অ' বা 'অ'-কারন্ত ব্যঞ্জনের উচ্চারণ যথাক্রমে 'ও' বা 'ও'-কারান্ত ব্যঞ্জন হবে ; যথা,—কথ্য—কোৎথো ; কল্যাণ—কোললান,

কোল্ল্যান্; কন্যা—কোন্না; কল্য—কোল্লো; গদ্য—গোদ্দো; চর্বা—চোর্বো; জন্য—জোন্নো; জঘন্য—জঘোন্নো; তপ্য—তোপ্পো; দম্য—দোম্মো; ধন্য—ধোন্নো; নম্য—নোম্মো; পদ্য—পোদ্দো; বধ্য—বোদ্ধো; মদ্য—মোদ্দো; মধ্য—মোদ্ধো; রম্য—রোম্মো; রস্য—রোশ্শো; বশ্য—বোশ্শো; অবশ্য—অবোশ্শো, ওবোশ্শো; শল্য—শোল্লো; সত্য—শোৎতো; সদ্য—শোদ্দো; অপত্য—অপোৎতো; স্থাপত্য—স্থাপোৎতো; আলস্য—আলোশ্শো; পর্যায়—পোর্জায়্, প্রভৃতি।

বাংলা ভাষায় 'ক্ষ'র আগে 'অ' বা 'অ'-কারন্ত ব্যঞ্জন ধ্বনি থাকলে সেই 'অ' বা 'অ-কারান্ত ব্যঞ্জন 'ও' বা 'ও'-কারান্ত ব্যঞ্জন ধ্বনিরূপে উচ্চারিত হবে; যথা,—

অক্ষ—ওক্খো; কক্ষ—কোক্খো; তক্ষণ—তোক্খোন; দক্ষ—দোক্খো; নক্ষত্র—নোক্খোৎত্রো; পক্ষ—পোক্খো; বক্ষ—বোক্খো; ভক্ষণ—ভোক্খোন্; ম্রক্ষণ—ম্রোক্খোন্; যক্ষ—জোক্খো; রক্ষণ—রোক্খোন্; রোক্খন্; রক্ষা—রোক্খা; লক্ষ—লোক্খো; লক্ষ্য—লোক্খো; লক্ষণ—লোক্খোন্; 'লক্ষ্মণ' কিন্তু ,লক্খঁন্,' বা লক্খোঁন্ হবে।

ভাষা হচ্ছে নিত্যবহমান ধারার মত। তাকে জোর করে কতকগুলো নিয়মের বাঁধনে কষে বাঁধা যায়ও না, বাঁধা ঠিকও নয়। আমার ধারণা, তার বিকাশের সংগে-সংগে আপনা-আপনি কতকগুলো রীতি গড়ে ওঠে। ভাষাবিদের কাজ হল সন্ধিৎসু হয়ে সেই সহজ ভাবধারা সংগ্রহ করে রাখা। বাংলা ভাষার উচ্চারণ-ব্যাপারে সেই আপনা আপনি গড়ে-ওঠা কতকগুলি রীতিপ্রকৃতি সংগ্রহ করবার চেষ্টা করা হয়েছে এখানে; এখনো পর্যন্ত প্রতিষ্ঠিত বা শিক্ষিতজনস্বীকৃত উচ্চারণ-রীতির যে-নির্দেশ দেয়া হয়েছে তাতে বাংলা ভাষার উচ্চারণ মোটামুটি শেখবার হদিশ পাওয়া যেতে পারে। এই পর্যন্ত। উচ্চারণ-শেখার অনেকটা অংশ যে নির্ভর করে কানে-শোনার ওপর, সে-কথাটা ভুললে চলবে না।

ভাষার উচ্চারণে শ্বাসাঘাত আর টান বা ঢং বিশেষ উল্লেখযোগ্য; কারণ, শুধু ধ্বনিতেই উচ্চারণ নয়। ভাষার আছে বিশিষ্ট সুর ও ছন্দ; তা আয়ত্ত না হলে উচ্চারণ ঠিকঠাক রপ্‌ত হয়েছে মনে করা যাবে না। কানে না শুনলে সেই টান্‌-টোন, সেই ঝোঁকঝাক দখলে আসবে না।

বাংলা ভাষার উচ্চারণে যে-সব রীতি লক্ষ্য করা যায় এখনো পর্যন্ত, সেগুলি সেগুলি যে ভবিষ্যতে অপরিবর্তিত থাকবে বা তাদের রাখতে হবে, এমন মনে করা মূঢ়তা ছাড়া কি? পাঁচশ বছর আগেকার উচ্চারণ যে এখনো সব বজায় আছে এমন ভাবা যায় না। ভাষার গতিতে মুক্তির স্বাচ্ছন্দ থাকায় তার প্রাণের সমৃদ্ধি বিচিত্র বিকাশে বিলসিত হয়ে উঠতে পেরেছে। সে-স্বাচ্ছন্দ অব্যাহত থাকলেই ভাষার চিরন্তন নবায়মানতা ম্লান হবে না। উচ্চারণের যে-পরিবর্তন ভাষার শব্দরূপ ও ধ্বনিরীতির পরিবর্তন ঘটিয়ে নোতুন ছন্দসৃষ্টির আয়োজন করে তার পথ-রোধের অনর্থক চেষ্টা ক্ষতি ও উদ্যমের অপচয় ছাড়া কিছু কি? তার মধ্যে আকস্মিক পরিবর্তনে দুর্বোধ্যতার ভাঙন না আসে, এইটুকুই বোধ করি লক্ষণীয়।

আর একটা কথা এখানে বললে বোধ করি ভালো হয়। আমার ধারণা, উচ্চারণের ফলে শব্দের পরিবর্তন ঘটে যেমন নোতুন ছন্দ রূপে নেয়, ছন্দের খাতিরেও তেমনি শব্দের রূপান্তর ঘটে ধ্বনি তথা উচ্চারণ-পরিবর্তনে সহায়তা করে। এই উভয় রীতিতেই ভাষা সমৃদ্ধ হয়।

আরো কিছুকাল মধ্যে বাংলা ভাষায় উচ্চারণের পরিবর্তন হয়ে শব্দের নবনব রূপ গঠিত হবে, ভাষার প্রকৃতিতেও আসবে কিছু নবীনতা। তখন সে-রীতি লক্ষ্য করে আবার তাকে ধরে রাখার চেষ্টা করতে হবে। ভবিষ্যতে বাংলা ভাষার সে-কাজে এই সংগৃহীত হদিশগুলি কিছু কাজে লাগলেও লাগতে পারে।

ধীরানন্দ ঠাকুর

সংকেত

(আ)—আপন, অর্থাৎ, বানান-অনুযায়ী উচ্চারণ।

[আ.]—আরবী।

[ই.]—ইংরেজী।

[ও.]—ওলন্দাজ।

[তু.]—তুর্‌কী।

[পো.]—পোর্‌তুগিজ্‌।

[ফ.]—ফরাসী।

[ফা.]—ফার্‌সী।

* কথ্য প্রয়োগ ; অপেক্ষাকৃত অ-সাধারণীভূত প্রয়োগ।

বাংলা উচ্চারণ-কোষ

অ

অ—অ ; ও।

অকথা—(আ) ; অকতা।

অকথ্য—অকোৎথো ; অকোৎথ।

অকপট—অকপট্‌ ; অকপোট্‌।

অকম্পা—(আ) ; অকম্‌পা।

অকরুণ—অকোরুন্‌।

অকর্ম—(আ) ; অকর্‌মো।

অকল্পিত—(আ) ; অকোল্‌পিত ; অকোল্‌পিতো ; অকোল্‌পিৎ।

অকল্যাণ—অকোল্‌লান্‌ ; অকোল্‌ল্যান্‌।

অকস্মাৎ—অকশ্‌শাঁৎ ; অকোশ্‌শাঁৎ।

অকাট্য—অকাট্‌টো ; অকাট্‌ট।

অকাতর—অকাতর্‌ ; অকাতোর্‌।

অকারণ—অকারন্‌ ; অকারোন্‌।

অকার্য—অকার্‌জো ; অকার্‌জ।

অকাল—অকাল্‌।

অকিঞ্চন—অকিন্‌চন্‌ ; অকিন্‌চোন্‌।

অকিঞ্চিৎ—অকিন্‌চিৎ।

অকীর্তি—অকির্‌তি।

অকু [আ. ৰকু]—(আ) ; ওকু।

অকুণ্ঠ—অকুন্‌ঠ ; অকুন্‌ঠো।

অকুতোভয়—অকুতোভয়্‌।

অকুল—অকুল্‌।

অকুলন—অকুলন্‌ ; অকুলোন্‌।

অকুলান—অকুলান্‌।

অকুব, অকুব্‌—অকুব্‌ ; ওকুব্‌।

অকুশল—অকুশল্‌ ; অকুশোল্‌।

অকূল—অকুল্‌।

অকৃত—অক্রিত ; অক্রিতো।

অকৃতজ্ঞ—অক্রিতগ্‌গঁ ; অক্রিতোগ্‌গঁ অক্রিতোগ্‌গোঁ।

অকৃতী—অক্রিতি।

অকৃত্য—অক্রিৎতো ; অক্রিৎত।

অকৃত্রিম—অক্রিৎত্রিম্‌।

অকৌশল—অকৌশল্‌।

অক্কা—অক্‌কা।

অক্‌টোবর—অক্‌টোবর্‌ ; অক্‌টোবোর্‌।

অক্রম—অক্রম্ ; অক্রোম্ ; অক্ক্রম্ ; অক্ক্রোম্ ।

অক্রিয়—(আ) ; অক্রিঅ ; অক্রিও ; অক্ক্রিঅ ; অক্ক্রিও ।

অক্রূর—(সদয়, সরল)—অক্রুর্ ; অক্ক্রুর্ ।

ঐ—(নাম)—ওক্ক্রুর্ ।

অক্রেয়—(আ)—অক্রেও ; অক্ক্রেঅ ; অক্ক্রেও ।

অক্লান্ত— (আ) ; অক্লান্তো ; অক্ক্লানত ; অক্ক্লান্তো ।

অক্ষ—ওক্‌খো ; অক্‌খ ; অক্‌খো ।

অক্ষত—অক্‌খত ; অক্‌খতো ।

অক্ষম—অক্‌খম্ ; অক্‌খোম্ ।

অক্ষয়—অক্‌খ্ য় ।

অক্ষর—(হরফ্) ওক্‌খোর্ ।

„ (অক্ষয়, ধ্রুব)—অক্‌খর্ ।

অক্ষি—ওক্‌খি ।

অক্ষুণ্ণ—অক্‌খুন্ন ; অক্‌খুন্নো ; অখুন্ন ; অখুন্নো ।

অক্ষৌহিনী—অক্‌খোইনি ; অক্‌খোইনি ।

অক্‌সিজেন—অক্‌সিজেন্ ; অক্‌শিজেন্ ।

অখণ্ড—অখন্ড ; অখন্ডো ।

অখাত—অখাতো ; অখাত ।

অখাদ্য—অখাদ্‌দো ; অখাদ্‌দ ।

অখিল—অখিল্ ; ওখিল্ ।

অখ্যাত—অক্‌খ্যাত ; অক্‌খ্যাতো ; অক্‌খাত ; অক্‌খাতো ।

অগণন—অগনন্ ; অগনোন্ ।

অগণনীয়—অগননিঅ ; অগনোনিঅ ; অগননিও ; অগনোনিও ।

অগণ্য—অগন্‌ন ; অগন্‌নো ; অগোন্‌ন ; অগোন্‌নো ।

অগতি—অগোতি ।

অগভীর—অগোভির্ ।

অগম—অগম্ ; অগোম্ ।

অগম্য—অগোম্‌মো ; অগম্‌মো ; অগম্‌ম ।

অগষ্ট্—[ইং August]—অগস্ট্ ; আগস্ট্ ।

অগস্ত্য—অগস্‌ত ; অগোস্‌ত ; অগোস্‌তো ।

অগাধ—অগাধ্ ।

অগুরু—(আ) ।

অগোচর—অগোচর্ ; অগোচোর্ ।

অগৌণ—অগোন ; অগোনো ।

অগৌরব—অগোরব্ ; অগোরোব্ ।

অগ্নি—ওগ্ নি ।

অগ্ন্যস্ত্র—অগ্নস্ত্র ; ওগ্নস্ত্র ; ওগ্নোস্ত্রো ।
অগ্ন্যুৎপাত—অগ্‌নুৎপাৎ ; ওগ্‌নুৎপাৎ ।
অগ্র—(আ) ; অগ্রো ; অগ্‌গ্রো ; অগ্‌গ্র ।
অগ্রহণীয়—অগ্রহনিঅ ; অগ্রোহোনিও ; অগ্‌গ্রহনিঅ ; অগ্‌গ্রোহোনিও ।
অগ্রাহ্য—অগ্রাজ্‌ঝ ; অগ্রাজ্‌ঝো ; অগ্‌গ্রাজ্‌ঝ ; অগ্‌গ্রাজ্‌ঝো ।
অগ্রিম—ওগ্রিম্ ; ওগ্‌গ্রিম্ ।
অঘটন—অঘটন্ ; অঘটোন্ ।
অঘ্রান—অগ্‌ঘ্রান্ ।
অঘ্রাত—অগ্‌ঘ্রাত ; অগ্‌ঘ্রাতো ; অঘ্রাত ; অঘ্রাতো ।
অঙ্ক—(আ) ; অংকো ।
অঙ্কিত—ওংকিতো ; ওংকিত ।
অঙ্কুর—ওংকুর্ ।
অঙ্কুশ—ওংকুশ্ ।
অঙ্গ—অংগো ; (আ) ।
অঙ্গন—অংগন্ ; অংগোন্ ।
অঙ্গনা—(আ) ; অংগোনা ।
অঙ্গী—ওংগি ।
অঙ্গীকার—ওংগিকার্ ।
অঙ্গীভুত—ওংগিভুত ; ওংগিভুতো

অঙ্গুরি—ওংগুরি ।
অঙ্গুরীয়—ওংগুরিঅ ; ওংগুরিও
অঙ্গুষ্ঠ—ওংগুশ্‌ঠো ; ওংগুশ্‌ঠ ।
অঙ্ঘ্রি—ওংঘ্রি ।
অচর—অচর্ ।
অচল—অচল্ ; অচোল্ ।
অচিকিৎসনীয়—অচিকিৎশনিঅ ; অচিকিৎশোনিও
অচিকিৎস্য—অচিকিৎশ ; অচিকিৎশো ।
অচিন—অচিন্ ।
অচিন্তিত—অচিন্‌তিত ; অচিন্‌তিতো ।
অচিন্তিতপূর্ব—অচিন্‌তিতপুর্‌ব ; অচিন্‌তিতোপুর্‌বো ।
অচির—(আ) ; অচিরো ।
অচেতন—অচেতন্ ; অচেতোন্ ।
অচেনা—(আ) ।
অচেষ্টিত—অচেশ্‌টিত; অচেশ্‌টিতো ।
অচৈতন্য—অচৈতন্‌নো ; অচৈতন্‌ন ; অচৈতোন্‌নো ।
অচ্ছ—(আ) ; অচ্ছো ।
অচ্ছদ—অচ্ছদ্ ।
অচ্ছুৎ—(আ) ।
অচ্যুত—অচ্‌চুত ; অচচুৎ ; ওচ্‌চুৎ ।

অছি—[আ. ৰসী]—ওছি ; (আ)।

অছিলা—[আ. ৰসীলা]—(আ) ; ওছিলা।

অজ—(জন্মরহিত ; ছাগল)—অজো ; (আ) ; অজ—(নিতান্ত, নেহাৎ) —অজ্।

অজগর—অজগর্ ; অজোগর্ ; অজোগোর্।

অজর—অজর্ ; অজোর্।

অজস্র—অজস্স্র ; অজস্স্রো ; অজোস্স্রো।

অজাতশত্রু—অজাতশোৎত্রু ; অজাতোশোৎত্রু।

অজাতশ্মশ্রু—অজাতশোঁস্স্রু অজাতশঁস্স্রু।

অজানত—(আ) ; অজানতো ; অজানোতো।

অজানিত—(আ) ; অজানিতো ; অজানিৎ।

অজিত—(অপরাজিত)—(আ) ; (নাম)—অজিৎ ; ওজিৎ।

অজিন—অজিন্।

অজীর্ণ—অজির্ন ; অজির্নো।

অজুরা—(আ) ; ওজুরা।

অজুহাত—[ফা. ৱজুহাত]—ওজুহাৎ।

অজেয়—অজেঅ ; অজেও।

অজৈব—(আ) ; অজৈবো।

অজ্ঞ—অগ্গঁ ; অগ্গোঁ ; ওগ্গোঁ।

অজ্ঞাত—অগ্গাঁত ; অগ্গাঁতো অগগ্যাঁতো ; অগ্গ্যাঁত।

অজ্ঞান—অগ্গ্যাঁন্।

অজ্ঞেয়—অগ্গেঁঅ ; অগ্গেঁও।

অঞ্চল—অন্চল্ ; অন্চোল্।

অঞ্জন - অন্জন্ ; অন্জোন্।

অঞ্জলি—অন্জোলি।

অটবী—অটোবি।

অটল—অটোল্ ; অটল্।

অটুট—অটুট্।

অট্ট—অট্টো ; অট্ট।

অট্টালিকা—(আ)।

অঠেল—অঠেল্।

অঢেল—অঢেল্।

অণিমা—অনিমা ; ওনিমা।

অণু—ওনু।

অণ্ড—অন্ড ; অন্ডো।

অত—অতো।

অতএব—অতোএব্ ; অতএব্।

অতঃপর—অতপ্পর্ ; অতোপ্পর্।

অতথ্য—অতোত্থ ; অতোত্থো।

অতনু—অতোনু।

অতন্দ্র—অতন্দ্রো; অতন্দ্র।
অতর্ক—অতর্‌কো; অতর্‌ক।
অতর্কিত—অতর্‌কিত; অতর্‌কিতো; অতোরকিতো; অতোর্‌কিত।
অতল—অতল্; অতোল্।
অতসী—অতোশি।
অতি—ওতি।
অতিকায়—ওতিকায়্।
অতিক্রম—ওতিক্‌ক্রোম্; ওতিক্‌ক্রম্।
অতিগ—ওতিগ; ওতিগ্।
অতিথি—ওতিথি।
অতিপ্রাকৃত—ওতিপ্রাক্রিতো; ওতিপ্রাক্রিত।
অতিবর্ত্তন—ওতিবর্‌তন্; ওতিবর্‌তোন্।
অতিবাদ—ওতিবাদ্।
অতিবাহন—ওতিবাহন্; ওতিবাহোন্।
অতিবৃষ্টি—ওতিব্রিশ্‌টি।
অতিবেল—ওতিবেল্।
অতিভক্তি—ওতিভোক্‌তি।
অতিমাত্র—ওতিমাৎত্র; ওতিমাৎত্রো।
অতিমানুষ—ওতিমানুশ্।
অতিরঞ্জন—ওতিরন্‌জোন্; ওতিরন্‌জন্।
অতিরিক্ত—ওতিরিক্‌তো; ওতিরিক্‌ত।
অতিরেক—ওতিরেক্।
অতিশয়—ওতিশয়্।
অতিষ্ঠ—অতিশ্‌ঠ।
অতীত—ওতিত; ওতিৎ।
অতীন্দ্রিয়—ওতিন্দ্রিঅ; ওতিন্দ্রিও।
অতীব—ওতিব; ওতিবো।
অতুল—(অতুলনীয়)—অতুল্; (নাম) ওতুল্; অতুল্।
অতৃপ্ত—অত্রিপ্‌ত; অত্রিপ্‌তো।
অত্যধিক—ওৎতোধিক্; ওৎতধিক্।
অত্যন্ত—ওৎতোন্‌তো; ওৎতন্‌তো; ওৎতন্‌ত।
অত্যয়—অৎতয়্; ওৎতয়্।
অত্যল্প—ওৎতল্‌প; ওৎতল্‌পো।
অত্যাচার—ওৎতাচার্; ওৎত্যাচার্।
অত্যুক্তি—ওৎতুক্তি।
অত্র—অৎত্র; অৎত্রো।
অথই—অথোই।
অথচ—অথোচো; অথচো; অথচ।
অথবা—অথোবা; অথবা।
অথর্ব—(আ); অথর্‌বো; অথোর্‌বো।
অদমনীয়—অদমনিঅ; অদমোনিও।
অদম্য—অদোমমো।

অদলবদল—অদোল্‌বদোল্‌।
অদাহ্য—অদাজ্‌ঝ ; অদাজ্‌ঝো।
অদিতি—(আ)।
অদূর—অদুর্‌।
অদৃশ্য—অদ্রিশ্‌শ ; অদ্রিশ্‌শো।
অদৃষ্ট—অদ্রিশট ; অদ্রিশ্‌টো।
অদেখা—অদ্যাখা।
অজেয়—অজেঅ ; অজেও।
অদ্বয়—অদ্‌দয়্‌।
অদ্বিতীয়—অদ্‌দিতিঅ ; অদ্‌দিতিও।
অদ্বৈত—অদ্‌দৈত ; অদ্‌দৈতো।
অদ্ভুত—অদ্‌ভুৎ।
অদ্য—ওদ্‌দো ; ওদ্‌দ।
অদ্রি—ওদ্‌দ্রি।
অধঃপতন—অধপ্‌পতন ; অধোপ্‌পতোন ; অধপ্‌পতোন ; অধোপ্‌পতন্‌।
অধঃপাত—অধপ্‌পাৎ ; অধোপ পাৎ।
অধম—অধোম্‌ ; অধম্‌।
অধমর্ণ—অধমর্‌ন ; অধোমর্‌নো।
অধর—অধর্‌ ; অধোর্‌।
অধর্ম—অধর্‌মো ; (আ)।
অধস্তন—(আ) ; অধোস্‌তনো ; অধোস্‌তোনো ; অধস্তন্‌ ; অধোস্তন্‌।
অধিক—ওধিক্‌।
অধিকরণ—ওধিকরন্‌ ; ওধিকরোন্‌।
অধিকার—ওধিকার্‌।
অধিগত—ওধিগত ; ওধিগতো।
অধিত্যকা—ওধিৎতকা।
অধিদেব—ওধিদেব্‌।
অধিনায়ক—ওধিনায়ক্‌ ; ওধিনায়োক্‌।
অধিপ—ওধিপ্‌।
অধিবাস—ওধিবাশ্‌।
অধিবেশন—ওধিবেশন ; ওধিবেশোন্‌।
অধিরথ—ওধিরথ্‌।
অধিরাজ—ওধিরাজ্‌।
অধিরূঢ়—ওধিরুঢ় ; ওধিরুড় ; ওধিরুঢ়ো ; ওধিরুড়ো।
অধিষ্ঠাতা—ওধিশ্‌ঠাতা।
অধীত—ওধিত ; ওধিতো।
অধীন—ওধিন্‌।
অধীয়ান্‌—ওধিয়ান্‌।
অধীর—অধির্‌।
অধীশ—ওধিশ্‌।
অধুনা—ওধুনা।
অধৃষ্য—অধ্রিশ্‌শ ; অধ্রিশ্‌শো।
অধৈর্য—অধৈর্‌জ ; অধৈর্‌জো।
অধ্যক্ষ—ওদ্‌ধোক্‌খো।

অধ্যবসায়—ওদ্‌ধোবশায়্ ; ওদ্‌ধবশায় ; ওদ্‌ধবোশায় ; ওদ্‌ধোবোশায়্ ।

অধ্যয়ন—ওদ্‌ধয়ন্ ; ওদ্‌ধয়োন্ ।

অধ্যাত্ম—ওদ্‌ধ্যাঁৎতো ; ওদ্‌ধ্যাঁৎত ।

অধ্যাপক—ওদ্‌ধাপোক্ ; ওদ্‌ধ্যাপক ; ওদ্‌ধ্যাপোক্ ; ওদ্‌ধাপক্ ।

অধ্যায়—ওদ্‌ধ্যায়্ ; ওদ্‌ধায়্ ।

অধ্যাসীন—ওদ্‌ধাশিন্ ; ওদ্‌ধ্যাশিন্ ।

অধ্যুষিত—ওদ্‌ধুশিতো ; ওদ্‌ধুশিত ।

অধ্যেতা—ওদ্‌ধেতা ।

অধ্রুব—অধ্রুবো ; অধ্রুব ; অদ্‌ধ্রুবো ; অদ্‌ধ্রুব ।

অধ্বর—অদ্‌ধর্ ।

অধ্বর্যু—ওদ্‌ধোর্‌জু ; অদ্‌ধর্‌জু ।

অনঘ—(আ) ; অনঘ্ ।

অনঙ্গ—অনংগ ; অনংগো ; অনোংগো ।

অনটন—অনটন্ ; অনোটোন্ ।

অনড়—অনড্ ; অনোড়্ ।

অনতিক্রমনীয়—অনোতিক্‌ক্রমনিঅ ; অনোতিক্‌ক্রমনিও ; অনোতিক্রোমোনিও ; অনোতিক্রমোনিও ।

অনধিক—অনোধিক্ ।

অনন্ত—অনন্তো ; অনোন্তো ; (আ) ।

অনন্তর—অনন্‌তর্ ; অনন্‌তোর্ ; অনোন্‌তোর্ ; অনোন্‌তর্ ।

অনন্য—অনোন্‌নো ; অনোন্‌ন ; অনন্‌ন ।

অনন্যা—অনোন্‌না ; অনন্‌না ; অনোন্‌ন্যা ; অনন্‌ন্যা ।

অনবদ্য—অনোবোদ্‌দো ; অনোবোদ্‌দ ।

অনবধান—অনবোধান্ ; অনবধান্ ।

অনবধানতা—অনব্‌ধানোতা ; অনবধানতা ; অনবোধানতা ; অনবোধানোতা ।

অনবরত—(আ) ; অনোবরোতো ; অনোবরত ; অনবরোতো ।

অনভিজ্ঞ—অনভিগ্‌গঁ ; অনোভিগ্‌গোঁ ।

অনভিপ্রেত—অনোভিপ্‌প্রেত ; অনোভিপ্‌প্রেতো ।

অনভ্যস্ত—অনব্‌ভোশত ; অনোব্‌ভোশ্‌তো ।

অনর্গল—অনর্‌গল্ , অনোর্‌গোল্ ; অনোর্‌গল্ ।

অনর্ঘ্য—অনর্‌ঘো ; অনোর্‌ঘো ।

অনর্থ—(আ) ; অনর্‌থো ; অনোর্‌থো ।

অনর্থক—অনর্‌থক্ ; অনর্‌থোক্ ; অনোর্‌থোক্ ।
অনর্ঘ—(আ) ; অনর্‌ঘো ; অনোর্‌ঘো ।
অনল—অনল্ ; অনোল্ ।
অনশন—অনশন্ ; অনশোন্ ; অনোশোন্ ।
অনশ্বর—অনশ্‌শর্ ; অনশ্‌শোর্ ।
অনসূয়—অনশুঅ ; অনোশুও ।
অনাঘ্রাত—অনাগ্‌ঘ্রাত ; অনাগ্‌ঘ্রাতো ।
অনাবশ্যক—অনাবোশ্‌শোক্ ; অনাবোশ্‌শক্ ।
অনাবিষ্ট—অনাবিশ্‌ট ; অনাবিশ্‌টো
অনাবৃষ্টি—অনাব্রিশ্‌টি ।
অনায়াস—অনায়াশ্ ।
অনার্য—অনার্‌জো ; অনার্‌জ ।
অনাসৃষ্টি—অনাস্রিশ্‌টি ; অনাস্রিস্‌টি ।
অনাসক্ত—অনাশক্‌তো ; অনাশক্‌ত ।
অনাস্থা—(আ) ।
অনাহূত—অনাহুতো ; অনাহুত ।
অনিত্য—অনিৎতো ; অনিৎত ।
অনিদ্র—অনিদ্‌দ্রো ; অনিদ্‌দ্র ।
অনিন্দনীয়—অনিন্‌দোণিও ; অনিন্‌দনিঅ ।
অনিন্দ্য—অনিন্‌দো ; অনিন্‌দ ।
অনিবার—অনিবার্ ; ওনিবার্ ।
অনিমিষ—অনিমিশ্ ।
অনিরুদ্ধ—(অরুদ্ধ)—অনিরুদ্‌ধ ; অনিরুদ্‌ধো ; (নাম)—ওনিরুদ্‌ধো ।
অনির্দিষ্ট—অনির্‌দিশ্‌টো ; অনির্‌দিশট ।
অনির্বচনীয়—অনির্‌বচনিঅ ; অনির্‌বচোনিও ।
অনিল—ওনিল্ ; অনিল্ ।
অনিশ্চিত—অনিশ্‌চিতো ; অনিশ্‌চিত ; অনিশ্‌চিৎ ।
অনিষ্ট—ওনিশ্‌টো ; ওনিশ্‌ট ; অনিশ্‌ট ; অনিশ্‌টো ।
অনীক—অনিক্ ; ওনিক্ ।
অনুকম্পা—ওনুকম্‌পা ।
অনুকরণ—ওনুকরন্ ; অনুকরোন্ ।
অনুকল্প—ওনুকল্‌পো ; ওনুকল্‌প ।
অনুকূল—ওনুকুল্ ।
অনুক্ত—অনুক্‌তো ; (আ) ।
অনুক্রম—ওনুক্‌ক্রম্ ; ওনুক্‌ক্রোম্ ।
অনুক্ষণ—ওনুক্‌খন্ ; ওনুক্‌খোন্ ।
অনুগ—ওনুগ ; ওনুগো ; ওনুগ্ ।
অনুগ্রহ—ওনুগ্‌গ্রোহো ; ওনুগ্‌গ্রহ্ ; অনুগ্‌গ্রহো ; ওনুগ্‌গ্রোহ ।
অনুচিকীর্ষা—ওনুচিকির্‌শা ।

অনুচিত—অনুচিৎ।

অনুজ—ওনুজ্ ; ওনুজো ; ওনুজ।

অনুজ্ঞা—ওনুগ্গ্যাঁ ; অনুগ্গাঁ।

অনুতাপ—ওনুতাপ্ ।

অনুৎসাহ—অনুৎশাহো ; অনুৎশাহ।

অনুদাত্ত—অনুদাৎত ; অনুদাৎতো।

অনুদার—অনুদার্।

অনুদিন্—ওনুদিন্।

অনুধাবন—ওনুধাবোন্ ; ওনুধাবন্।

অনুধ্যান—ওনুদ্ধ্যান্ ; ওনুধ্যান্।

অনুপকার—অনুপকার্ ;
অনুপোকার্ ; অনুপ্কার্।

অনুপপত্তি—অনুপোপোৎতি ;
অনুপপোৎতি।

অনুপম—ওনুপম্ ; ওনুপোম্ ;

অনুপস্থিত—অনুপোস্থিৎ ;
অনুপোস্থিত।

অনুপাত—ওনুপাৎ।

অনুপান—ওনুপান্।

অনুপায়—অনুপায়্।

অনুপূর্ব—ওনুপুর্বো ; ওনুপুর্ব।

অনুপ্রবেশ—ওনুপ্রোবেশ্ ;
ওনুপ্প্রবেশ্।

অনুপ্রাণনা—ওনুপ্প্রাননা ;
ওনুপ্প্রানোনা।

অনুপ্রাস—ওনুপ্প্রাশ্।

অনুবন্ধ—ওনুবন্ধো ; ওনুবন্ধ।

অনুবর্তন—ওনুবর্তোন্ ; ওনুবর্তন্।

অনুবাদ—ওনুবাদ্।

অনুভব—ওনুভব্ ।

অনুভাব—ওনুভাব্ ।

অনুমত—(অনুমোদিত)—ওনুমতো ;
(অনুমতি)—ওনুমৎ।

অনুমান—ওনুমান্।

অনুযোগ—ওনুজোগ্।

অনুরক্ত—ওনুরক্তো ; ওনুরক্ত।

অনুরণন—ওনুরনন্ ; ওনুরনোন্।

অনুরাগ—ওনুরাগ্ ।

অনুরূপ—ওনুরুপ্ ।

অনুলম্ব—ওনুলম্বো ; ওনুলম্ব।

অনুলেপন—ওনুলেপোন্ ;
ওনুলেপন্।

অনুশাসন—ওনুশাশোন্ ; ওনুশাশন্।

অনুশিষ্য—ওনুশিশ্শো ; ওনুশিশ্শ।

অনুশীলন—ওনুশিলোন্ ; ওনুশিলন্।

অনুশোচনা—ওনুশোচোনা ;
ওনুশোচনা।

অনুষঙ্গ—ওনুশংগো ; ওনুশংগ।

অনুষ্ঠান—ওনুশ্ঠান্।

অনুসরণ—ওনুশরোন্ ; ওনুশরন্।

অনুস্যূত—ওনুশ্‌শুতো ; ওনুশ্‌শুত।

অনুস্বর—ওনুশ্‌শর্‌।

অনূঢ়—অনুঢ় ; অনুঢ়ো।

অনৃত—অনৃতো ; অনৃত।

